

## বাংলাদেশে ৫০ লাখ দরিদ্র মানুষের জীবিকার উন্নয়নে বিশ্ব ব্যাংকের সহায়তা

ওয়াশিংটন, মার্চ ১৮, ২০১৫ - বিশ্বব্যাংকের পরিচালনা পর্ষদ আজ বাংলাদেশের গ্রামাঞ্চলের প্রায় ৫০ লাখ দরিদ্র মানুষের জীবন ও জীবিকার উন্নয়নে ২০০ মিলিয়ন ডলার সুদৰ্শন ঋণ অনুমোদন করেছে। পূর্বসুরী সোস্যাল ইনভেস্টমেন্ট প্রোগ্রাম প্রজেক্টের পরম্পরায় ‘নতুন জীবন লাইভলিহ্বড ইমপ্রুভমেন্ট প্রকল্প’ ২১টি জেলার দরিদ্রতম উপজেলাতে বসবাসকারী দরিদ্র জনগণকে সহায়তা করবে।

উন্নত জীবিকার সুযোগ সৃষ্টি ও অংশীদারিত্বমূলক ব্যবসার সাহায্যে বাজারে প্রবেশের সুযোগ দেয়ার মাধ্যমে এই প্রকল্প গ্রামীণ জনগোষ্ঠীর ক্ষমতায়ন ঘটাবে। প্রকল্পে ছোট ছোট গ্রামীণ অবকাঠমোর জন্যও অর্থায়ন করা হবে। কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠান যেমন নতুন জীবন কমিউনিটি সোসাইটি গঠন ও শক্তিশালী করার মাধ্যমে দরিদ্র এবং অতি দরিদ্র জনগোষ্ঠীকে - যাদের অনেকেই ক্ষুদ্রখণ কর্মসূচির আওতার বাইরে থাকে - সংগঠিত করা হবে। তাছাড়াও প্রকল্পটি পুষ্টি সচেতনতা বৃদ্ধি, কৃষি বিষয়ক জ্ঞান সম্প্রসারণ এবং যুব কর্মসংস্থানের সুযোগ তৈরির ওপর জোর দিবে।

বাংলাদেশে নিযুক্ত বিশ্বব্যাংকের কান্ট্রি ডি঱েন্টের জোহানেস জাট বলেন, “দারিদ্র্য নিরসনে বাংলাদেশের অর্জন প্রশংসনীয়। গত দশকে ১ কোটি ৬০ লাখ মানুষ দারিদ্র্য থেকে বেরিয়ে এসেছে। তারপরও প্রায় ৪ কোটি ৭০ লাখ মানুষ দারিদ্র্যের মধ্যে বাস করে, যা উন্নয়নের জন্য একটি বড় চ্যালেঞ্জ। এদের বেশিরভাগই থাকে গ্রাম এলাকায়।” তিনি আরো বলেন “দরিদ্রতম পরিবারগুলোর জীবন-জীবিকার উন্নয়নে এবং ঝুঁকির পরিমান কমাতে ‘নতুন জীবন লাইভলিহ্বড ইমপ্রুভমেন্ট প্রকল্পটি এর পূর্বসুরী প্রকল্পগুলোর কর্মকাণ্ডকে সুসংহত করবে এবং প্রকল্পের আওতা আরো বাঢ়াবে।”

প্রকল্পটি কমিউনিটি-চালিত পদ্ধতিকে (community-driven approach) উৎসাহিত করবে। যার মাধ্যমে প্রকল্প সুবিধাভোগীরা সম্মিলিতভাবে তাদের উন্নয়ন চাহিদা চিহ্নিত, অগ্রাধিকার নির্ধারণ, পরিকল্পনা এবং বাস্তবায়ন করবেন। সোস্যাল ইনভেস্টমেন্ট প্রোগ্রাম প্রজেক্ট-২ এর আওতায় থাকা ৩২০০ গ্রামসহ, প্রকল্পটি ১২ জেলার আরো ২৫০০ নতুন গ্রামে বাস্তবায়িত হবে।

বিশ্বব্যাংকের নতুন জীবন লাইভলিহ্বড ইমপ্রুভমেন্ট প্রকল্পের এর টাঙ্ক টিম লিডার হিসেবে জুঁৰুথ বলেন, ”আমরা দেখেছি যখন দরিদ্র জনগণ, বিশেষ করে নারীকে সুযোগ দেয়া হয় তখন তারা সফলভাবে চাহিদার অগ্রাধিকার নির্ধারণ, সম্পদের ব্যবস্থাপনা এবং জীবিকার উন্নয়নের মাধ্যমে জীবনকে বদলিয়ে দিতে পারেন।”

প্রকল্পটি, সোস্যাল ইনভেস্টমেন্ট প্রোগ্রাম প্রজেক্টের সাফল্য এবং শিক্ষার ভিত্তিতে তৈরি। পূর্বসুরী প্রকল্পটি প্রথম ২০০৩ সালে ক্ষুদ্র পাইলট প্রকল্প হিসাবে বাংলাদেশের দুইটি দরিদ্রতম জেলায় শুরু হয়েছিল যা পর্যায়ক্রমে আরো ১৪ জেলায় সম্প্রসারিত হয়।

বিশ্ব ব্যাংকের অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট এজেন্সী (আইডিএ) হতে প্রাপ্ত সুদ-মুক্ত ঋণের মেয়াদ ৬ বছরের রেয়াতসহ ৩৮ বছর এবং সার্ভিস চার্জ ০.৭৫%।

### Contacts:

In Washington: Gabriela Aguilar +1 (202) 473-6768, [gaguilar2@worldbank.org](mailto:gaguilar2@worldbank.org)

In Dhaka: Mehrin Ahmed Mahbub, (880-2) 5566-7777, [mmahbub@worldbank.org](mailto:mmahbub@worldbank.org)

For more information on the World Bank in Bangladesh, please visit: <http://www.worldbank.org/bd>

For more information on the project, please visit: <http://www.worldbank.org/projects/P149605?lang=en>

Visit us on Facebook: <http://www.facebook.com/worldbankbangladesh>